# উপজেলা পরিষদ, খানসামা এর আগস্ট, ২০২৫ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ কামরুজ্জামান সরকার, প্রশাসক (অতিরিক্ত দায়িত্ব)
উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, খানসামা, দিনাজপুর
তারিখ : ১৮/০৮/২০২৫ খ্রি.
সময় : সকাল-১১.০০ ঘটিকা
সভায় উপস্থিতি : পরিশিষ্ট-'ক'

উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। সভার প্রারম্ভে গত ৩১/০৭/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত জুলাই মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্ব্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য বিভাগঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | | |
| ০২ | প্রকৌশল বিভাগঃ<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, এলজিইডি'র তত্ত্বাবধানে উন্নয়নমূলক সকল কাজ যথা নিয়মে চলছে। মাঠ পর্যায়ে কোন সমস্যা নেই। তিনি জানান ২০২৩-২০২৪ অর্থবছরের রাজস্ব উদ্বৃত্ত ২০২৪-২০২৫ অর্থবছরের উন্নয়ন প্রকল্পের আওতায় গৃহীত ও অনুমোদিত "২নং ভেড়ভেড়ী ইউনিয়নের ২নং ওয়ার্ডে রামকলা বাজারে পানি নিস্কাশনের জন্য ড্রেন নির্মাণ" শিরোনামের স্কীমটির বাস্তবায়নের অংশ হিসেবে প্রাক্কলনে রামকলা বাজারে ফিস মার্কেট হয়ে মসজিদ রোড নামক স্থানে চিহ্নিত করা আছে। উক্ত স্কীমটি প্যাকেজ নং- e-Tender/Rev/2024-25/W-2 এর আওতাভুক্ত করে টেন্ডার আহবান করে ঠিকাদার নির্বাচন করা হয়েছে। নির্বাচিত ঠিকাদার এ স্কীমের প্রাক্কলনে উল্লিখিত অংশে বাস্তবায়নকালে উক্ত এলাকার স্থানীয় উপকারভোগীদের চাহিদা এবং সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানের সম্মতিক্রমে 'রামকলা বাজারে ফিস মার্কেট হয়ে মসজিদ রোডে ড্রেন নির্মাণের চিহ্নিত অংশের পরিবর্তে একই স্থানে "নাজিম উদ্দিন হোটেল হতে আকাশ ক্লথ স্টোর পর্যন্ত" স্থান চিহ্নিত করে ড্রেন নির্মাণ কাজের প্রস্তাব দেন। বিষয়টি উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ মহোদয়কে অবহিত করা হলে তিনি বাস্তবতার নিরিখে কাজটি বাস্তবায়ন করার পরামর্শ প্রদান করেন। তাঁর নির্দেশনা মোতাবেক একই স্থানে প্রস্তাবিত "নাজিম উদ্দিন হোটেল হতে আকাশ ক্লথ স্টোর পর্যন্ত ড্রেন নির্মাণ" কাজটি শতভাগ বাস্তবায়ন করা হয়েছে। প্রস্তাবিত "নাজিম উদ্দিন হোটেল হতে আকাশ ক্লথ স্টোর পর্যন্ত ড্রেন নির্মাণ" চিহ্নিত অংশের প্রাক্কলন পুনরায় প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনটির ভূতাপেক্ষ অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হলো। | (১) 'রামকলা বাজারে ফিস মার্কেট হয়ে মসজিদ রোডে ড্রেন নির্মাণের চিহ্নিত অংশের পরিবর্তে একই স্থানে প্রস্তাবিত "নাজিম উদ্দিন হোটেল হতে আকাশ ক্লথ স্টোর পর্যন্ত ড্রেন নির্মাণ" প্রাক্কলনটি ভূতাপেক্ষ অনুমোদন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। স্কীমটি নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন হওয়ায় উপস্থাপিত প্রাক্কলনটি ভূতাপেক্ষ অনুমোদন সাপেক্ষে ঠিকাদারের বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হলো। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, খানসামা, দিনাজপুরকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর। |
| ০৩ | কৃষি বিভাগঃ<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলতি খরিপ-২/২০২৫-২৬ মৌসুমে রোপা আমন, সবজী, মরিচ, মাষকলাই আবাদের লক্ষ্যমাত্রা যথাক্রমে ১৩৭৬০ হেক্টর, ৫৮০ হেক্টর, ২০ হেক্টর, ১০ হেক্টর। এর মধ্যে রোপা আমনের আবাদ অর্জিত হয়েছে হাইব্রিড ৭২৫ হেক্টর, উফশী ১৩০৪৫ হেক্টর, সবজী ৫৫০ হেক্টর, মরিচ ৩০ হেক্টর, মাষকলাই ২ হেক্টর।<br><br>তিনি সভায় আরও জানান যে, খরিফ-২/২০২৫-২৬ মৌসুমে প্রণোদনা কর্মসূচির আওতায় বরাদ্দকৃত বিভিন্ন ফসল, ফল, শাক সবজী কৃষকের তালিকা তৈরী ও বিতরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br><br>তিনি সভায় আরও জানান যে, বিষমুক্ত সবজী উৎপাদনে পরিবেশবান্ধব প্রযুক্তি ব্যবহারে কৃষককে পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে।<br><br>তিনি সভায় আরও জানান যে, মাটির স্বাস্থ্য রক্ষায় ডলো চুন, ভর্মি কম্পোষ্ট, খামারজাত সার ও জৈব সার ব্যবহার এবং মাটি পরীক্ষার মাধ্যমে কৃষকগণকে উদ্বুদ্ধ করার জন্য মাঠ পর্যায়ে সকল কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। | (১) বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>(২) সার উত্তোলন, সরবরাহ, বিক্রয় ও মজুদ বিষয়ে নিবিড় মনিটরিং কার্যক্রম বিভাগীয় পর্যায়ে চলমান রাখতে হবে। সার, বীজ ও কীটনাশক বিক্রয়ে ভেজাল রোধে কঠোর পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা, খানসামা, দিনাজপুর। |

<table>
<tr><td></td><td>তিনি সভায় আরও জানান যে, সার উত্তোলন, সরবরাহ, বিক্রয় ও মজুদ বিষয়ে নিবিড় মনিটরিং কার্যক্রম বিভাগীয় পর্যায়ে অব্যাহত রয়েছে। এছাড়াও উপজেলা কৃষি সম্প্রসারণ বিভাগের সকল কার্যক্রম যথা নিয়মে চলছে। মাঠ পর্যায়ে কোন সমস্যা নেই।</td><td></td><td></td></tr>
<tr><td>০৪</td><td><u>প্রাণিসম্পদ বিভাগঃ</u><br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, জুলাই ২০২৫ মাসে গবাদি প্রাণির চিকিৎসা প্রদান করা হয়েছে ৩৪২৩ টি, হাঁস-মুরগির চিকিৎসা প্রদান করা হয়েছে ৭৭৭১ টি, গবাদি প্রাণির টিকা প্রদান করা হয়েছে ৮০ টি, হাঁস-মুরগির টিকা প্রদান করা হয়েছে ৩৪২০০ টি, গবাদি প্রাণির কৃত্রিম প্রজনন করা হয়েছে ৪৫০ টি, খামারী সচেতনতা ও খামার স্থাপনের জন্য ০৪ টি উঠান বৈঠক করা হয়েছে এবং গাভীর খামার পরিদর্শন করা হয়েছে ৮ টি। কায়েমপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের ২০০ মিলিঃ করে দুধ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে।</td><td>বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।</td></tr>
<tr><td>০৫</td><td><u>মৎস্য বিভাগঃ</u><br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় সকল কার্যক্রম যথা নিয়মে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপজেলা মৎস্য কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।</td></tr>
<tr><td>০৬</td><td><u>প্রাথমিক শিক্ষা বিভাগঃ</u><br>উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম যথানিয়মে চলছে। পাঠের গুনগত মান উন্নয়নের জন্য নিয়মিত পরিদর্শন কার্যক্রম জোরদার করাসহ মা সমাবেশ, উঠান বৈঠক কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।</td><td>বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, খানসামা, দিনাজপুর।</td></tr>
<tr><td>০৭</td><td><u>মাধ্যমিক শিক্ষা বিভাগঃ</u><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) সভায় জানান যে, ২০২৫ সালের এইচ, এস,সি, আলিম ও কারিগরি বোর্ডের পরীক্ষা ২৬ জুন, ২০২৫ হতে শুরু হয়ে খানসামা উপজেলার ৪টি কেন্দ্রে সুন্দর ও সুষ্ঠুভাবে চলমান রয়েছে।<br><br>তিনি সভায় আরও জানান যে, মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে জলবায়ু সচেতনতা অনুদান ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহে জলবায়ু পরিবর্তন বিষয়ে সচেতনতামূলক কর্মসূচি পালন চলমান রয়েছে।<br><br>তিনি সভায় আরও জানান যে, PBGSI এর মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহ হতে ২০২৪ সালে পাবলিক পরীক্ষা উত্তীর্ণ হওয়া বোর্ডের মাধ্যমে বাছাইকৃত ছাত্র/ছাত্রীদের মাঝে সনদ ও ক্রেস্ট বিতরণ অনুষ্ঠান সম্পন্ন করা হয়েছে। এছাড়াও উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, খানসামা, দিনাজপুর।</td></tr>
<tr><td>০৮</td><td><u>সমাজসেবা বিভাগঃ</u><br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের ভাতার টাকা প্রতারক চক্র কর্তৃক মোবাইল নম্বর হ্যাক করে যাতে উত্তোলন করতে না পারে এ বিষয়ে প্রতারক চক্রের কার্যক্রম সম্পর্কে সকল ভাতাভোগীদের সচেতন করা হচ্ছে।<br><br>তিনি সভায় আরও জানান যে, দীর্ঘমেয়াদী অনাদায়ী ঋণ আদায় কার্যক্রম গতিশীল করা হয়েছে। ফলশ্রুতিতে অনাদায়ী টাকা আদায় হচ্ছে।<br><br>তিনি সভায় আরও জানান যে, রোগী কল্যাণ সমিতি'র কার্যক্রমের মাধ্যমে অসহায়-দুস্থ ব্যক্তিদের চিকিৎসা সেবা নিশ্চিত করতে হাসপাতাল সমাজসেবা কার্যক্রমে গতিশীলতা আনয়ন করা হয়েছে। এছাড়াও তার বিভাগীয় নিয়মিত কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।</td></tr>
<tr><td>০৯</td><td><u>পল্লী উন্নয়ন বিভাগঃ</u><br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিআরডিবি'র আওতাধীন প্রকল্পসমূহের জুলাই, ২০২৫ মাসের ঋণ কার্যক্রম নিমরুপ:
<table>
<tr><th>ক্র:নং</th><th>প্রকল্পের নাম</th><th>ঋণ বিতরণ</th><th>ঋণ আদায়</th></tr>
<tr><td>০১</td><td>আবর্তক (কৃষি)</td><td>-</td><td>০.৮০</td></tr>
<tr><td>০২</td><td>মহিলা উন্নয়ন অনুবিভাগ (মউ)</td><td>-</td><td>০.৯০</td></tr>
<tr><td>০৩</td><td>সদাবিক</td><td>১২.৮৮</td><td>১২.৭৮</td></tr>
<tr><td>০৪</td><td>গুচ্ছগ্রাম</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>০৫</td><td>আদর্শ গ্রাম-২</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>০৬</td><td>পল্লী প্রগতি</td><td>-</td><td>০.৫৯</td></tr>
<tr><td>০৭</td><td>অস্বচ্ছল মুক্তিযোদ্ধা</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>০৮</td><td>কোভিট-১৯</td><td>২৫.২৫</td><td>১৬.৯৬</td></tr>
<tr><td></td><td>মোট=</td><td>৩৮.১৩</td><td>৩২.০৩</td></tr>
</table>
তিনি সভায় আরও জানান যে, বিআরডিবি'র আওতায় সকল প্রকল্পের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ১০ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগঃ<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জনান যে, তার বিভাগীয় নিয়মিত কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, খানসামা, দিনাজপুর। |
| ১১ | সমবায় বিভাগঃ<br>উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, খানসামা উপজেলার সমবায়ীদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সমবায়ীদের দক্ষ ও উৎপাদনমুখী কার্যক্রম গ্রহণ করে ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত স্ব-নির্ভর উপজেলা হিসেবে গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেন।<br>তিনি সভায় আরও জানান যে, গোয়ালডিহি আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-২) এ বসবাসরত সুবিধাভোগীদের মাঝে বর্তমান মাস পর্যন্ত ৯,৫০,৫০০ টাকা ঋণ প্রদান করা হয়েছে। এ পর্যন্ত ৫,৪৬,৩২৬ টাকা ঋণ আদায় করা হয়েছে। ঋণ আদায়ের হার ৬৫%। সমবায় বিভাগের অন্যান্য সার্বিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমবায় অফিসার, খানসামা, দিনাজপুর। |
| ১২ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ও সুষ্ঠুভাবে চলছে। তিনি বলেন "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় খানসামা উপজেলায় পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ করার জন্য পাকেরহাটের দক্ষিণ পার্শ্বে বড় মাঠ সংলগ্ন স্থানে ১০০০০০ (এক লক্ষ) ওভারহেড পানির ট্যাংক স্থাপনের কাজ চলমান রয়েছে। কাজটি বাস্তবায়ন হলে ৩০০-৩৫০ টি পরিবার পাইপ লাইনের মাধ্যমে নিরাপদ খাবার সুপেয় পানি পাবে।<br><br>তিনি সভায় আরও জানান যে, খানসামা উপজেলায় স্যানিটেশনের শতকরা হার ৯১.৯২%। প্রতিটি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে স্যানিটেশন কভারেজ ১০০% উন্নীতকরণের জন্য এডিপি/ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিল থেকে অফসেট/ইমপ্রুভ টয়লেট নির্মাণের জন্য অনুরোধ করেন। | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), খানসামা, দিনাজপুর। |
| ১৩ | মহিলা বিষয়ক বিভাগঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (অঃদাঃ) সভায় জানান যে, ভিডব্লিউবি কর্মসূচির আওতায় ২০২৫-২০২৬ অর্থবছরে জুলাই ২০২৫ হতে জুন ২০২৭ চক্রের উপকারভোগী চুড়ান্ত নির্বাচন সম্পন্ন হয়েছে। আগস্ট ২০২৫ মাসে চুড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীর মাঝে ভিডব্লিউবি কার্ড এবং জুলাই ২০২৫ ও আগস্ট ২০২৫ মাসের খাদ্য (চাল) বিতরণ করা হবে।<br><br>তিনি সভায় আরও জানান যে, মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৫-২০২৬ অর্থবছরে প্রতি মাসে প্রত্যেক ইউনিয়নে ১৫ জন করে ৬টি ইউনিয়নে ৯০ জন উপকারভোগী নির্বাচনের বরাদ্দ পাওয়া গেছে। আগস্ট ২০২৫ মাসে জুলাই ২০২৫ ও আগস্ট ২০২৫ মাসের মা ও শিশু সহায়তা কর্মসূচির উপকারভোগী নির্বাচন করা হবে।<br><br>তিনি সভায় আরও জানান যে, মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কর্মসূচির আওতায় জুলাই ২০২৫ মাসে আদায়যোগ্য খেলাপী ঋণের পরিমান ৬,৩৬,৬০১/- টাকা এবং আদায়ের পরিমান ২৯,৫২০/- টাকা।<br><br>তিনি সভায় আরও জানান যে, উপজেলা মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (WTC) এর ২০২৫-২০২৬ অর্থবছরে ১ম ব্যাচে (জুলাই ২০২৫ হতে সেপ্টেম্বর ২০২৫) আধুনিক দর্জি বিজ্ঞান ট্রেডে ৩০ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।<br><br>তিনি সভায় আরও জানান যে, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় ২০২৫ শিক্ষাবর্ষে নতুন নির্বাচিত উপজেলার ০৬টি ইউনিয়নে স্থাপিত ০৬টি কিশোর-কিশোরী ক্লাব প্রতি ক্লাবে ৩০ জন করে মোট ১৮০ (একশত আশি) জন কিশোর-কিশোরীকে সঙ্গীত, আবৃত্তি ও জেন্ডার বিষয়ক প্রশিক্ষণসহ বাল্যবিবাহ প্রতিরোধে সচেতনতামূলক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। এছাড়াও তার বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, খানসামা, দিনাজপুর। |
| ১৪ | পরিবার পরিকল্পনা বিভাগঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকতা সভায় জানান যে, উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তরের কর্মসূচি সন্তোষজনকভাবে সম্পন্ন হচ্ছে। অতঃপর তিনি জুলাই, ২০২৫ মাসের মাসিক অগ্রগতির প্রতিবেদন সভায় নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।<br>অস্থায়ী পদ্ধতিঃ | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকতা, খানসামা, দিনাজপুর। |

| খাবার বড়ি | | | কনডম | | | ইনজেকশন | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার |
| ১৪৭২ | ১৬১ | ১১% | ২৬৪ | ২৫০ | ৮% | ৭১৭ | ৩৬৮ | ৫১% |

<table>
<tr><td></td><td>দীর্ঘমেয়াদী ও স্থায়ী পদ্ধতিঃ<br><table><tr><td colspan="3">স্থায়ী পদ্ধতি (পুরুষ ও মহিলা)</td><td colspan="3">আইইউডি</td><td colspan="3">ইমপ্লান্ট</td></tr><tr><td>লক্ষ্যমাত্রা</td><td>অর্জন</td><td>হার</td><td>লক্ষ্যমাত্রা</td><td>অর্জন</td><td>হার</td><td>লক্ষ্যমাত্রা</td><td>অর্জন</td><td>হার</td></tr><tr><td>১৩</td><td>৪</td><td>৩১%</td><td>১১</td><td>৩৬</td><td>১৮%</td><td>৫৮</td><td>৫০</td><td>৮৬%</td></tr></table>উপজেলার মোট সক্ষম দম্পতি : ৪৫৩৪৪ জন।<br>উপজেলার সর্বমোট পদ্ধতি গ্রহণকারী : ৩৭১০৬জন।<br>পদ্ধতি গ্রহণকারী (সিএআর) : ৮১.৮৩%।</td><td></td><td></td></tr>
<tr><td>১৫</td><td><u>যুব উন্নয়ন বিভাগঃ</u><br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মাঠ পর্যায়ে কোন সমস্যা নেই। চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে মোট ১৪টি ভ্রাম্যমান প্রশিক্ষণ কোর্স এর লক্ষ্যমাত্রা রয়েছে। অধিদপ্তরের আর্থিক বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হবে।</td><td>বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।</td></tr>
<tr><td>১৬</td><td><u>বন বিভাগঃ</u><br>উপজেলা বন কর্মকর্তা, খানসামা SFPC, সামাজিক বন বিভাগ, সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপজেলা বন কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।</td></tr>
<tr><td>১৭</td><td><u>নির্বাচন অফিসঃ</u><br>উপজেলা নির্বাচন অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না।</td><td></td><td></td></tr>
<tr><td>১৮</td><td><u>আনসার ও ভিডিপি বিভাগঃ</u><br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের কাজ যথা নিয়মে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।</td></tr>
<tr><td>১৯</td><td><u>পল্লী সঞ্চয় ব্যাংকঃ</u><br>ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম যথা নিয়মে চলছে। খেলাপী টাকা আদায়ের লক্ষ্যে ঋণ গ্রহীতা ও জামিনদারদের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে।</td><td>পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, খানসামা, দিনাজপুর।</td></tr>
<tr><td>২০</td><td><u>পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশনঃ</u><br>উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, তার দাপ্তরিক সকল কার্যক্রম যথাযথভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।</td></tr>
<tr><td>২১</td><td><u>বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষঃ</u><br>উপ-সহকারী প্রকৌশলী, বিএমডিএ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না।</td><td></td><td></td></tr>
<tr><td>২২</td><td><u>পরিসংখ্যান বিভাগঃ</u><br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি সভায় সভায় জানান যে, পরিসংখ্যান বিভাগের দাপ্তরিক সকল কার্যক্রম যথাযথভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, খানসামা, দিনাজপুর</td></tr>
<tr><td>২৩</td><td><u>পাট অধিদপ্তরঃ</u><br>উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না।</td><td></td><td></td></tr>
<tr><td>২৪</td><td><u>কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রঃ</u><br>কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না।</td><td></td><td></td></tr>
<tr><td>২৫</td><td><u>ইসলামিক ফাউন্ডেশনঃ</u><br>ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় জানান যে, তার বিভাগীয় কাজ যথা নিয়মে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, খানসামা, দিনাজপুর।</td></tr>
<tr><td>২৬</td><td><u>পল্লী বিদ্যুৎ বিভাগঃ</u><br>সহকারী জেনারেল ম্যানেজার, খানসামা সাব-জোনাল অফিস, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ সভায় জানান যে, খানসামা সাব-জোনাল অফিসের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>সহকারী জেনারেল ম্যানেজার, খানসামা সাব-জোনাল অফিস, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, খানসামা</td></tr>
</table>

২৭। **বিবিধ আলোচনা ও সিদ্ধান্তঃ** ক) উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, (উপজেলা-১) শাখা এর স্মারক নং ৪৬.০০.০০০০.০০০.০৪৬.১৫.০০০৪.২২.২৩৭, তারিখঃ ১৭/০৮/২০২৫ অফিস আদেশ মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ত) অনুচ্ছেদের নির্দেশনা অনুসরণপূর্বক উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদের একজন মালি ও একজন সুইপার (পরিবর্তিত পদনাম পরিচ্ছন্ন কর্মী) এর প্রত্যেকের দৈনিক প্রদেয় মজুরির হার নির্ধারণ করা হয়েছে। দক্ষ/অদক্ষ মালী ও সুইপার এর দৈনিক প্রদেয় মজুরির হার ৭০০/- (সাতশত) টাকা।

তিনি সভায় আরও বলেন যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, (উপজেলা-১) শাখা এর গত ১৪ আগস্ট, ২০১৪ খ্রি. তারিখের ৪৬.০৪৬.০১১.০০.০০.০০৪.২০১৪-৭৫১ নং স্মারকে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অনুমোদিত উপজেলা পরিষদ কার্যালয়ের জন্য উপজেলা পরিষদের রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজিত ০২ (দুই) জন 'অফিস সহায়ক' পদে জনবল নিয়োগের ছাড়পত্র পাওয়া যায়। উক্ত ছাড়পত্রে উল্লিখিত নিয়োগের শর্তাবলীতে বর্ণিত অফিস সহায়ক পদ পূরণের সাথে সাথে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে অস্থায়ীভাবে দৈনিক ভিত্তিতে নিয়োগপ্রাপ্ত এম.এল.এস.এস (বর্তমানে পরিবর্তিত পদ নাত অফিস সহায়ক)গণের নিয়োগ আদেশের অংশটুকু স্বয়ংক্রিয়ভাবে বাতিল বনে গণ্য হবে। তৎকালীন নানা জটিলতা ও আদালতে অফিস সহায়ক পদে নিয়োগ সংক্রান্ত মামলা থাকায় উক্ত পদে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা সম্ভব হয়নি। যেহেতু উপজেলা পরিষদ কার্যালয়ে দৈনিক হাজিরা ভিত্তিতে ০২ (দুই) জন অফিস সহায়ক পদে কর্মরত আছে। সেহেতু মালী ও পরিচ্ছন্ন কর্মীর ন্যায় অফিস সহায়কগণকেও বিদ্যমান দৈনিক মজুরি হারে প্রদান করা যেতে পারে।

সিদ্ধান্ত : (১) উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ত) তে নির্দেশনা অনুযায়ী উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে ৭০০/- (সাতশত) টাকা হারে "দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫" অনুযায়ী নিয়োজিত শ্রমিককে প্রতি মাসে সর্বোচ্চ ২২ (বাইশ) দিনের মজুরি প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

(২) মালী ও সুইপার (পরিবর্তিত পদ নাম পরিচ্ছন্ন কর্মী) এর ন্যায় ০২ (দুই) জন অফিস সহায়কসহ সর্বমোট ০৪ (চার) জন শ্রমিককে বিদ্যমান দৈনিক নির্ধারিত মজুরি হারে প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর।

খ) উপজেলা নির্বাহী অফিসার বলেন যে,প্রশাসক (অতিরিক্ত দায়িত্ব), উপজেলা পরিষদের আবাসিক বাসভবন রাত্রীকালীন পাহাড়া ও উপজেলা ক্যাম্পাসে অবস্থিত সকল আবাসিক বাসভবনের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে রাত্রীকালীন টহলের নিমিত্ত একজন আনসার সদস্য জনাব মোঃ আমিনুল ইসলাম, পিতা-মোঃ আনিছুর রহমান, গ্রাম-উত্তর গোবিন্দপুর, উপজেলা-খানসামা, জেলা-দিনাজপুর দায়িত্ব পালন করে আসছেন। তার দায়িত্ব ভাতা/দৈনিক ভাতা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের নিরাপত্তা খাত (আনসার) হতে প্রদান করা যেতে পারে। উল্লেখ্য যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের নিরাপত্তা খাত (আনসার) হতে এক অর্থবছরে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় করা যেতে পারে। বিষয়টি সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হলো।

সিদ্ধান্ত : উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ম) তে নির্দেশনা অনুযায়ী উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে নিরাপত্তা খাত (আনসার) হতে আনসার সদস্য জনাব মোঃ আমিনুল ইসলাম কে ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য প্রতিদিন ২৭৫/- (দুইশত পচাত্তর) টাকা হারে দায়িত্ব ভাতা/দৈনিক ভাতা প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে এবং দপ্তর প্রধানগণকে সুষ্ঠুভাবে স্ব স্ব দপ্তরের কার্যক্রম পরিচালনার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮/০৮/২৫

(মোঃ কামরুজ্জামান সরকার)
প্রশাসক (অতিরিক্ত দায়িত্ব)
উপজেলা পরিষদ
খানসামা, দিনাজপুর।

২৮/০৮/২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
খানসামা, দিনাজপুর।
www.khansama.dinajpur.gov.bd

স্মারক নং : ০৫.৫৫.২৭৬০.০০০.২৫.০০১.২৪-২২(৫০) তারিখ : ২০/০৮/২০২৫ খ্রি.

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, দিনাজপুর।
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
০৫। উপজেলা ......................................................কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।
০৬। চেয়ারম্যান,...........নং.....................................ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর।
০৭। জনাব/বেগম.........................................................সম্মানিত সদস্য, খানসামা, দিনাজপুর।
০৮। সংশ্লিষ্ট নথি।

২০/০৮/২৫

(মোঃ কামরুজ্জামান সরকার)
উপজেলা নির্বাহী অফিসার
খানসামা, দিনাজপুর।
ফোন : ০২-৫৮৯৯২৯৬০০ (অঃ)
মোবাইল নম্বর-০১৭৬১-৪৯৩৫২৯
মেইল : unokhansama@mopa.gov.bd

20/08/2025